মেহেরপুরে অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরের স্টেডিয়াম পাড়ায় অপরাজিতা নামক একটি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে দেড় শতাধিক অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

রবিবার বিকেলে স্টেডিয়ামপাড়া এলাকায় অপারাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের অফিস কার্যালয়ে এ শীতবস্তু বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অপরাজিতা স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহী পরিচালক ও শহর মহিলা আওয়ামী লীগের সভাপতি রেহেনা মান্নান।

প্রধান অতিথি জেলা মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদিকা লাভলি ইয়াসমিন ।

বিশেষ অতিথি হিসেবে ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাবেক ছাত্রনেতা আব্দুল মান্নান ছোট, পৌর মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদিকা সফুরা খাতুন, জেলা মহিলা অধিদপ্তরের কম্পিউটার অপারেটর মীর দানিয়াল হোসেন।

ঝিনাইদহ তথ্য অফিসের আয়োজনে মহিলা সমাবেশ

শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ে উদ্ভাবনীমূলক প্রচার কর্মসূচির আওতায় ঝিনাইদহ জেলা তথ্য অফিসের আয়োজনে কালীগঞ্জ উপজেলার দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মহিলা সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের জাতীয় সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক মোঃ রিয়াজুল আলম খান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ তাসলিমা বেগম ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার মোঃ মাজেদুর রহমান। জেলা তথ্য অফিসার মোঃ আবুবকর সিদ্দীক অনুষ্ঠানের উদ্দেশ্য ও প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের গুরুত্ব তুলে ধরে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম (আনার) বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছেন। বিশেষ করে প্রান্তিক পর্যায়ের দরিদ্র-অসহায় মানুষের ভাগ্য উন্নয়নে তিনি নানামূখী উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর মস্তিস্কপ্রসূত আমার বাড়ি আমার খামার, আশ্রয়ন, ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা কর্মসূচি, ঘরে ঘরে বিদ্যুৎ, নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি, কমিউনিটি ক্লিনিক ও মানসিক স্বাস্থ্য, বিনিয়োগ বিকাশ ও পরিবেশ সুরক্ষা উদ্যোগসমূহ ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার জন্য সকলকে এগিয়ে আসার আহবান জানান। এছাড়া বাল্যবিবাহ ও আত্মহত্যা প্রতিরোধে সকলকে সোচ্চার হওয়ার জন্য অনুরোধ জানান।

অন্যান্যের মধ্যে দুলাল মুন্দিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিহার সুলতানা বক্তব্য প্রদান করেন। এ মহিলা সমাবেশ বিভিন্ন শ্রেণি-পেশার দুই শতাধিক মহিলা অংশগ্রহণ করেন।

বিদ্যাবিনোদ মুন্সী শেখ

জমিরুদ্দীনের ১৫৩ তম জন্মদিন

উপমহাদেশের প্রখ্যাত ইসলাম প্রচারক সমাজ সংস্কারক ও বহু গ্রন্থের প্রণেতা বিদ্যাবিনোদ মুন্সী শেখ জমিরুদ্দীন ১৮৭০ সালের ২৯ জানুয়ারী মেহেরপুর জেলার গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। এবং ১৯৩৭ সালের ২ জুন গাঁড়াডোব গ্রামে নীজ বাসগৃহে মৃত্যু বরণ করেন।

অনেক ঘাত প্রতিঘাত পেরিয়ে জমিরুদ্দীন ভারতের এলাহাবাদ সেণ্ট পলস ডিভিনিটি কলেজ থেকে (B T H বা Bachelar of Theology) কৃতিত্বের সাথে প্রথম বিভাগে প্রথম স্থান অধিকার করে (H G R বা Higher Grade Readder) পাঠক রত্ন উপাধি অর্জন করেন। তিনি বাংলা, ইংরেজী ,আরবী,ফারসী,উর্দু,হিন্দি,সংস্কৃতি,ল্যাটিন,গ্রীক,হিব্রু ,ইরানিসহ ১৪ টি ভাষায় পারদর্শী ছিলেন। তাঁর ইংরেজী ভাষায় জ্ঞান ছিল উল্লেখ করার মত। তিনি Glory of Islam সহ নানা রকম গ্রন্থ ইংরেজিতে লিখেছেন। বিশেষ করে তাঁর লেখা বিভিন্ন প্রবন্ধ Asiatie quartery Review, Islam in Africa, St James Gazette of London পত্রিকায় প্রকাশিত হতো। তাঁর নিজের লেখা সহ বিভিন্ন ভাষায় লেখা বইয়ের সমৃদ্ধশালী একটি ব্যাক্তিগত লাইব্রেরী ছিল। জমিরুদ্দীন মৃত্যুর আগ পর্যন্ত লিখনীর মাধ্যমে পিছিয়ে পড়া বাঙ্গালী জাতিকে জাগিয়ে তুলেছেন।

মুন্সী শেখ জমিরুদ্দীন যার বিরুদ্ধে সংগ্রাম করে গেছেন সে প্রেক্ষাপট আজ বিদ্যমান না থাকলেও সমাজ জীবনের ক্রান্তিকালে এক ঐতিহাসিক ভূমিকা পালনের কারণে তাঁকে স্মরণ করার প্রয়োজনীয়তা আজও ফুরিয়ে যায়নি।

মেহেরপুরে ইমামদের নিয়ে সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ

শীর্ষক কর্মশালা

মেহেরপুরে ইমামদের নিয়ে ‘সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ এবং সামাজিক সমস্যা নিরসণ’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে ইসলামিক ফাউণ্ডেশনের উদ্যোগে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

ইসলামিক ফাউণ্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মূনিরের সভাপতিত্বে কর্মশালা প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: ওবায়দুল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র উপজেলা মৎস্য অফিসার গোলাম সরোয়ার, সদর থানার এসআই সোহরাভ হোসেন ।

কর্মশালায় মেহেরপুর সদর উপজেলাধীন সকল মসজিদের ইমামরা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে মাদক মামলায় দুই জনের সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে একটি মাদক মামলায় মামুন মল্লিক ও রবিউল ইসলাম নামের দুই ব্যক্তির সশ্রম যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত।

আজ রবিবার দুপুরে মেহেরপুরের জেলা ও দায়রা জজ মো: শহিদুল্লাহ এ রায় ঘোষনা করেন। একই সঙ্গে ৫০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে আরো ৬ মাসের সশ্রম কারাদণ্ডাদেশ দেন আদালত।

দণ্ডিত মামুন মল্লিক সদর উপজেলার বামনপাড়ার মতি মল্লিকের ছেলে এবং রবিউল একই উপজেলার টেংরামারী গ্রমের ইজাল ভিস্তির ছেলে।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৮ সালের ৪ সেপ্টেম্বর বিকালে সদর

উপজেলার সাহেবপুর সড়কে সবজিভর্তি ট্রাকে তল্লাশি চালিয়ে ৮টি নিল রংয়ের বস্তা থেকে ৮০০ বোতল ফেন্সিডিল উদ্ধার করে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। ওই সময় পুলিশ মামুন মল্লিককে আটক করতে পারলেও রবিউল পালিয়ে যায়।

ওই দিন ডিবির এসআই মোস্তফা শওকত জামান বাদী হয়ে মেহেরপুর সদর থানায় দুই জনকে আসামি করে ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেন। পরে প্রাথমিক তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা মামুন মল্লিক ও রবিউলকে অভিযুক্ত করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

মামলার নথি পর্যবেক্ষণ ও শুনানী শেষে বিজ্ঞ বিচারক আসামী দুজনের বিরুদ্ধে সশ্রম কারাদণ্ড ও ৫০ হাজার টাকা করে অর্থদণ্ড অনাদায়ে আরো ৬ মাসের কারাদণ্ডাদেশের আদেশ দেন।

মেহেরপুরে আওয়ামী লীগ সরকারের উন্নয়ন সম্বলিত বুকলেট বিতরণ করলেন এম এ এস ইমন

মেহেরপুরে আওয়ামী লীগ সরকারের উন্নয়নের চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করলেন কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমন।

আজ রবিবার সকাল থেকে দুপুর পর্যন্ত মেহেরপুর কোট মোড় থেকে কাথুলী বাসষ্ট্যান্ড পর্যন্ত জনসাধারণনের মাঝে এ বুকলেট বিতরণ করেন তিনি। বুকলেট বিতরণ কর্মসূচীতে আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন, স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন, ফারুক হোসেনসহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

এ সময় এম এ এস ইমন বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর কি কি উন্নয়ন করেছে এবং বিগত সরকারগুলো কি কি উন্নয়ন করেছে তার উন্নয়নমূলক চিত্র তুলে ধরা হয়েছে এ বকুলেটে। যাতে করে সাধারণ

মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়নের কর্মকাণ্ড সম্পর্কে ধারণা পায় এবং জননেত্রী শেখ হাসিনার সরকারকে পুনরায় নির্বাচিত করে দেশ সেবার সুযোগ করে দেয়।

দর্শনায় সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল ক্যাম্পের উদ্বোধন

দর্শনায় বেসরকারি এনজিও প্রতিষ্ঠান সিএসএস এর উদ্যোগে দিনব্যাপী ফ্রী মেডিকেল ক্যাম্পের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রোকসানা মিতা।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে সিএসএস মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম, যশোর জোন এর আয়জনে দামুড়হুদার দর্শনা ঘুঘুডাঙ্গা সিএসএস এর শাখা কার্যালয়ে এই ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করা হয়।

দর্শনা পৌরসভার প্যানেল মেয়র মোঃ রেজাউল ইসলাম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। সিএসএস এর আরএম তাপস ঘোষ এর সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কার্যালয়ের এআরএম রুবেল হোসেন, জাতীয় সাংবাদিক ঐক্য ফোরাম দামুড়হুদা উপজেলা শাখার সভাপতি আরিফুল ইসলাম মিলন।

প্রথমেই নির্বাহী অফিসার কে ফুলের শুভেচ্ছা দিয়ে বরণ করে নেয় উক্ত সংস্থার লোন অফিসার টুটু মন্ডল। সিএসএস এর স্থপতি রেভারেন্ড পল মুন্সী’র স্মরণে প্রতি বছরের ন্যায় এবারও ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। মেডিকেল ক্যাম্প পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোছাঃ রোকসানা খাতুন (এমবিবিএস বিসিএস স্বাস্থ্য)।

আলমডাঙ্গায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত ১, আহত ১

আলমডাঙ্গার মোড়ভাঙ্গার দাসপাড়ায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। গতকাল শনিবার (২৮ জানুয়ারি) বিকেলে আলমডাঙ্গা-হাটবোয়ালিয়া সড়কের দাসপাড়া গ্রামের মোড়ে এদূর্ঘটনা ঘটে।

এতে মামুন (২৫) নামে এক মোটরসাইকেল চালক ঘটনাস্থলেই নিহত হয়েছেন। আহত হয়েছেন অপর মোটরসাইকেল চালক রাজিব হোসেন (২৫)। আশংকাজনক অবস্থায় রাজিবকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত মামুন শেখ (২৫) আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের কুলপালা গ্রামের মসলেম আলীর ছেলে। আহত রাজিবুল হোসেন (২৬) কুষ্টিয়া জেলার মিরপুর থানার আসাননগর গ্রামের আব্দুল আলিমের ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুই মোটরসাইলের চালক বেপরোয়া গতিতে দুদিক থেকে আসছিল। এসময় দাসপাড়া গ্রামের মোড়ে পৌছালে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলেই মামুনের মৃত্যু হয়। স্থানীয় ব্যক্তিরা গুরুতর অবস্থায় রাজিবকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠায়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়েছে। আহত একজনকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। এ ঘটনায় পরবর্তী আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

সভাপতি সাধারন সম্পাদকসহ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ

কেরুজ শ্রমিক ও কর্মচারি ইউনিয়ন নির্বাচন আর মাত্র ব মাত্র ৬ দিন বাকি। নির্বাচন যতই এগিয়ে আসছে প্রার্থীদের ঘুম হারাম হয়ে আসছে।এবারের নির্বাচনে শ্রমিকরা গুন্জন ছড়াচ্ছে যারা ক্ষমতায় আছে তারাই থাকবে।

এবারের নির্বাচনে সভাপতি ও সাধারন সম্পাদক সহ ৯টি পদের বিপরীতে মনোনয়ন সংগ্রহ করছে একাধিক প্রার্থী।শনিবার নির্বাচন পরিচালনা পরিষদ কর্তৃক প্রার্থীদের মধ্যে মনোনয়নপত্রের ফরম সরবরাহ, মনোনয়নপত্রের ফরম দাখিল, মনোনয়নপত্র যাচাই- বাছাই শেষে প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে।
আগামী ৪ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হবে ভোট গ্রহণ।

নির্বাচনকে কেন্দ্র করে সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন পরিচালনা কমিটি। ২৮ জানুয়ারি শনিবার সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত মনোনয়ন পত্রের ফরম সরবরাহ করা, দুপুর ১টা থেকে ৩ টা পর্যন্ত মনোনয়ন পত্র দাখিল, ৩ টা থেকে ৬ টা পর্যন্ত মনোনয়ন পত্র বাছাই ও প্রতিক নির্ধারণ রাত ৮ টা পর্যন্ত প্রার্থী পদ পত্যাহারের শেষ সময় বেধে দেয় নির্বাচন কমিটি।

কেরু’র শ্রমিক ও কর্মচারি ইউনিয়ন নির্বাচনের চেয়ারম্যান কেরুর মহাব্যাবস্হাপক অর্থ মোহাম্মদ সাইফুল ইসলাম সাক্ষরিত প্রতিক বরাদ্দ দেন।

এবারের নির্বাচনে যারা প্রতিদ্বন্দ্বীতা করছেন তাদের প্রতিক হচ্ছে সভাপতি পদপ্রার্থী ফিরোজ আহাম্মেদ সবুজ পেয়েছেন ছাতা প্রতিক, তৈয়ব আলী পেয়েছেন সাইকেল, সাধারণ সম্পাদক পদপ্রার্থী মাসুদুর রহমান মাসুদ পেয়েছেন চাঁদতারা, মনিরুল ইসলাম পিন্স আনারস, জয়নাল আবেদীন নফর হারিকেন, সহ-সভাপতি এসএম কবির পেয়েছেন কলস, আনিসুর রহমান গরুর গাড়ি, রেজাউল করিম টেবিল, মফিজুল ইসলাম

তালাচাবি, সহ-সম্পাদক মোস্তাফিজুর রহমান পেয়েছেন চেয়ার, খবির উদ্দিন আম, হাফিজুর রহমান হাস, মহিদুল ইসলাম হাতপাখা, আতিয়ার রহমান মাছ, দপ্তর সম্পাদক পদে সালাউদ্দিন সনেট পেয়েছেন উড়োজাহাজ, আবুল হোসেন হরিণ, প্রচার সম্পাদক পদে পেয়েছেন ইয়াসির আরাফাত কুুঁড়েঘর, মিজানুর রহমান মোরগ, আব্দুল কুদ্দুস মোবাইল ফোন, কোষাধ্যক্ষ খন্দকার কায়েশ আব্দুল্লা পেয়েছেন রিকসা, আবু সাঈদ পেয়েছেন কাঠাল।

সদস্যদের মধ্যে ১ নং ওয়ার্ডে সেলিম খান বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন, ২ নং ওয়ার্ডের বাবর আলী পেয়েছেন বেলচা,আব্বাস আলী বালতি, আমিনুল ইসলাম ডাব, ৩ নং ওয়ার্ডের বাবুল আক্তার পেয়েছেন গোলটুপি, জাহিদুল ইসলাম ডাব, মোজহারুল হাতুড়ি, শরিফুল ইসলাম টর্চ লাইট, শফিকুল ইসলাম আখের আটি ৪ নং ওয়ার্ডের মতিয়ার রহমান পেয়েছেন ডাব, কামরুল হাসান আখের আটি, মাহামুনুল হাসান টর্চ লাইট, ৫ নং ওয়ার্ডের সাইফুদ্দিন সুমন পেয়েছেন ডাব, সাহেব আলী শিকদার টর্চলাইট, মোহাম্মদ হারিজুল ইসলাম আখের আটি, ৬ নং ওয়ার্ডে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় ৩ জন বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন তাদের প্রতিক হয়েছিলো মাজেদুল ইসলাম ডাবলু আখের আটি, নুরুল ইসলাম বেলচা, মজিবর রহমান ডাব। ৭ নং ওয়ার্ডের জাহিদুল ইসলাম পেয়েছেন গাভী, জাহিরুল ইসলাম বালতি, ইদ্রিস আলী ডাব, রবিউল ইসলাম বেলচা, আজাদ আলী হাতুড়ি তারাপদ বিশ্বাস আখের আটি।

প্রতিক পেয়ে প্রার্থীরা ভোট প্রার্থনায় ছুটছেন রাত দিন। বিরামহীন ঠিকটাক চলছে তাদের নির্বাচনী প্রচার প্রচারণা। প্রতিদিনই দফায় দফায় প্রার্থীদের পক্ষে চলছে ভোট প্রার্থনা। প্রার্থী নিজে কিংবা তার স্বপক্ষে লোকজন রাত দিন যাচ্ছেন ভোটারদের দ্বারে দ্বারে। তুলে ধরছেন নিজ পছন্দের প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা। কুশল বিনিময় আর সালাম আদাব জানিয়ে চাইছেন তাদের মূল্যবান ভোট । সামাজিক যোগাযোগ মাধ্যমেও ভোটারদের কাছে করছেন ভোটের আবেদন নিবেদন। প্রার্থীর পক্ষে প্রচরণায় মাঠে আছেন একাধীক কর্মীরাও। নিজদের পক্ষে ভোট টানতে কাজে লাগানো হচ্ছে ভোটারদের আত্বীয় স্বজনকে। আত্বীয়তার সম্পর্কে তারা ভোট চাইছেন নিজেদের পছন্দের প্রার্থীর পক্ষে। ভোট যুদ্ধে বিজয়ী হতে চালানো হচ্ছে নানা কৌশল। শ্রমিক ও কর্মচারিদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হবেন সভাপতি সাধারণ সম্পাদক সহ অনান্য পদ ও সদস্যরা। অন্য ভোটের চেয়ে ব্যাতিক্রম এই ভোটে কেরুজ আঙিনা সব সময় থাকে

সরগরম।

প্রার্থীদের ব্যাপক প্রচারণায় অনেকটা জমে উঠেছে নির্বাচনী আমেজ। আর হাতে মাত্র ছয় দিন। ভোটের দিন ঘনিয়ে আসায় প্রার্থীদের প্রচারণার কাজে রাত দিন একাকার। কাটছে র্নিঘুম রাত। ফুরসদ নেই দিনেও। এখন প্রার্থীদের একটাই লক্ষ্য যে ভাবেই হউক ভোটারদের দ্বারে দ্বারে ঘুরে শেষ মুর্হুতে তাদের মনজয় করে মূল্যবান ভোট নিজেদের ভাগে আনা। ভোট যুদ্ধের বৈতরণী পার হতে প্রার্থীদের পক্ষ থেকে চলছে নানা কলা কৌশল। দিচ্ছেন নানা উন্নয়ন প্রতিশ্রুতি। তবে ভোটাররা শ্রমিক কর্মচারি হওয়ায় তারাও অধিক সচেতন। যোগ্য প্রার্থীদের বেচে নিয়েই ভোট দেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছে । তবে কিছু চালাক ও সচেতন ভোটারা কোন প্রার্থীর পক্ষেও মুখও খুলছেন না সহজেই। নিজ দল বা নিকটজন না হলে প্রার্থীর পক্ষে মাঠে সরাসরি ভোট চাইতেও নামছেন তারা। ভোটের মাঠে প্রার্থীরা সরব হলেও সেসব ভোটাররা রয়েছেন নিরব। সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থীরা ব্যাপক প্রচার প্রচারণায় ব্যস্ত থাকলেও বসে নেই সদস্য প্রার্থীরাও।

সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থীর তুলনায় সদস্য প্রার্থীদের নির্বাচনী এলাকার আয়তন ও ভোটার কম হলেও তাদের মত তারাও হরদম ছুটছেন ভোটারদের দ্বারে দ্বারে। প্রত্যাশা ভোটারদের মন জয় করে তাদের কাঙ্খিত রায় পাওয়ার। আসন্ন কেরুজ শ্রমিক ও কর্মচারি ইউনিয়ন নির্বাচনে সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতাকারী ২ (দুই)জন প্রার্থী ও সাধারণ সম্পাদক পদে ৩(তিন) জন প্রতিদ্বন্দ্বিতা করছেন।যতই দিন গড়াচ্ছে প্রার্থীদের প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। এদিকে সাধারণ সম্পাদক পদপ্রার্থী মসুদুর রহমান মাসুদের পক্ষে গণজাগরণ সৃস্টির লক্ষে শুরু হয়েছে ব্যাপক প্রচারণা। কর্মিরা দিনরাত ভোটারদের দ্বারে দ্বারে ভোট প্রার্থনা করছে। ভোটাররা প্রতিদিনই কেউ কেউ যোগদান করছে মাসুদ সংগঠনে।

অপরদিকে মাসুদুর রহমান মাসুদ দুবছর ক্ষমতায় থাকাকালীন সময়ে শ্রমিক ও কর্মচারিদের সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড করে ব্যাপক সাড়া জাগিয়েছেন ও জনপ্রিয়তা অর্জন করেছেন। সেজন্যই আস্থাভাজন হয়ে উঠেছে শ্রমিক-কর্মচারিদের কাছে। যার ফলশ্রুতিতে সঠিক নেতৃত্ব বেচে নেবেন বলে আশা প্রকাশ করেছেন সংগঠনের সাধারণ সম্পাদক পদপ্রার্থী মাসুদুর রহমান মাসুদ। এবিষয়ে আশাবুল হক মুক্ত জোয়াদ্দার ও নজরুল ইসলাম বিশ্বাস হিরক ও সহ-সভাপতি পদপ্রার্থী এসএম কবির দিনরাত পরিশ্রম করে জয়ের মালা নিয়ে ঘরে ফিরবেন বলে আশা

প্রকাশ করেছেন । এ নির্বাচনে চুড়ান্ত তালিকা প্রকাশ করেছে নির্বাচন পরিচালনা কমিটি মোট ভোটার সংখ্যা ১১৮৭।

ফেব্রুয়ারি ৪ তারিখে কেরুজ নতুন হাই স্কুলে গোপন ব্যালোটের মাধ্যমে ভোট গ্রহন হবে সকাল ৮ টা থেকে বিরতীহিনভাবে বিকাল ৩ টা পর্যন্ত। চিনিকলের হিসাব, প্রসাশন ভান্ডার, স্বাস্থ্য বিধান, ইমারত, সেনিটেশন, হাসপাতাল, চোলাই মদ কারখানা, ডিস্টিলারী, বিদ্যুত ও কারখানা, প্রকৌশলী, পরিবহন, ইক্ষু উন্নয়ন, ইক্ষু সংগ্রহ বিভাগ সহ বানিজ্যিক খামার গুলোর শ্রমিক-কর্মচারিদের নিয়ে সর্বমোট ভোটার সংখ্যা গত নির্বাচনে ছিলো ১০৮৮ এবার বেড়ে হয়েছে ১১ ৮৭।

দলীয় প্রার্থী যেই হোক তার পক্ষে কাজ করতে হবে– এমপি টগর

দর্শনা পৌর উপ-নির্বাচন উপলক্ষে দর্শনা পৌর আওয়ামী লীগের বর্ধীত সভা ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে পৌর আওয়ামী লীগের আয়োজনে পৌর আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে বর্ধীত সভায় সভাপতিত্ব করেন দর্শনা পৌর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা-২ আসনের জাতীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন আওয়ামী লীগের উন্নয়ন দেখে দিশেহারা হয়ে পড়েছে স্বাধীনতা বিরোধী অপশক্তিরা।

তারা যতই অপশক্তি চালাক না কেনো, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সারা দেশে উন্নয়ন কর্মকান্ড অব্যাহত থাকবে। আপনারা জানেন দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর মারা যান, মতিয়ারের মৃত্যুতে দলের অপুরনীয় ক্ষতি হয়েছে যা, পুরণ হবার নয়। আগামী ১৬ মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে দর্শনা পৌরসভার উপ-নির্বাচন। নির্বাচনকে ঘিরে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশীরা ইতিমধ্যে দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক বরাবর

দলীয় মনোনয়ন চেয়ে আবেদন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাকেই দলীয় প্রার্থী মনোনীত করুক না কেনো তার পক্ষে সবাই কাদে কাদ মিলিয়ে নৌকার পক্ষে কাজ করতে হবে। কেউ নৌকার বিপক্ষে গেলে তাকে দল থেকে কঠিন শাস্তি দেওয়া হবে।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু’র উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মাহাফুজুর রহমান মনজু,দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি মোজাহারুল ইসলাম,দর্শনা পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি হাজী শহিদুল ইসলাম, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি হুমায়ুন কবীর, আরো উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা এরশাদ মাষ্টার, লিয়াকত আলী, আ:লীগ নেতা আমির হোসেন, সিরাজুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা জয়নাল আবেদীন, ইদ্রিস আলী, হায়দার আলী, দাউদ হোসেন, আব্দুল হান্নান সহ দর্শনা পৌর আওয়ামী লীগের ৯ টি ওয়ার্ডের সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ। অনান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন যুবলীগ, ছাত্রলীগ সহ অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

দর্শনা পৌর আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পত্র চেয়ে যারা আবেদন করেছেন তারা হলো দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক কোষাধ্যক্ষ প্রয়াত মেয়র মতিয়ার রহমানের সহোদর আতিয়ার রহমান হাবু, দর্শনা কলেজ ছাত্রলীগের সাবেক ভিপি ও জিএস আবু সাঈদ মোহাম্মদ হাসান, দর্শনা পৌর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক সাবির হোসেন মিকা, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা পৌর যুবলীগের সভাপতি আশরাফুল আলম বাবু, সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা, দর্শনা পৌর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রবিউল হক সুমন।